

স্বাধীন (Free)

বাড়ীর সীমানায় পাঁচিল নেই।
বাগানে কোথাও বেড়া নেই।
ঢোকান মুখে গেট নেই।
জানালায় গ্রিল নেই।

মাথার চুলে শ্যাম্পু নেই।
গায়ে জামায় পারফিউম নেই।
দাঁতের ডাকতারের এপয়েন্টমেন্ট নেই।
সেলুনে যাবার তাগিদ নেই।

বাজারে রামুর দরকার নেই।
রান্নার লোকের সাধনা নেই।
বাগান আছে, মালী নেই।
পাখী আছে, খাঁচা নেই।
হরিণ আসতে বাধা নেই।

কথা বলতে দিধা নেই।
না শোনার তাড়া নেই।
মরটগেজ নেই, ইন্সিউরেন্স নেই।
লটারি জেতার ইচ্ছে নেই।
সমালোচনার বালাই নেই।
কারো খারাপ কথা মনে নেই।

Author: Deepak Sarkar, 844 Royal Oak Ave, Victoria, BC V8X 3T2, Canada.